অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/12/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 43নর্থ 9ম বার্ষিক স্টার্টআপ প্রতিযোগিতার পাঁচজন 1 মিলিয়ন মার্কিন ডলার বিজয়ীর নাম ঘোষণা করলেন

অত্যন্ত কঠিন স্টার্টআপ মোকাবেলায় কোম্পানিগুলি প্রত্যেকে 1 মিলিয়ন মার্কিন ডলার জিতে নেয় – যেখানে ওয়েস্টার্ন নিউ ইয়র্কের উদ্ভাবনী অর্থনীতিকে উদ্দীপিত করতে বিপ্লবী সমাধান ও পণ্যের উপর স্পটলাইট প্রদান করা হয়

গভর্নর ক্যাথি হোকল আজকে নবম বার্ষিক 43নর্থ (43North) ফাইনালসের বিজয়ীদের নাম ঘোষণা করলেন, 43নর্থ হলো বাফেলোতে আয়োজিত নিউ ইয়র্ক স্টেটের 5 মিলিয়ন মার্কিন ডলারের স্টার্টআপ প্রতিযোগিতা যেখানে পাঁচটি বিপ্লবী কোম্পানির প্রত্যেকে 1 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ পায়। বিচারকদের একটি বিশিষ্ট প্যানেল এবং শিয়াস পারফর্মিং আর্টস সেন্টার (Shea's Performing Arts Center) ভর্তি দশকের সামনে তাদের সেরা পিচ প্রদান করার জন্য এই বছরের প্রতিযোগীরা পুরো দেশ থেকে এবং লন্ডন থেকেও এসেছে। অসাধারণ বিজয়ীদের প্রত্যেকে বাফেলোতে তাদের কোম্পানি নিয়ে আসবে এবং সেনেকা ওয়ানে (Seneca One) 43নর্থ ইনকিউবেটরে কাজ করবে, যা বাফেলোর বিকাশমান উদ্ভাবনী ইকোসিস্টেমে নতুন চাকরি এবং গতিশীল ধারণা নিয়ে আসবে।

"উদ্ভাবন এবং সৃজনশীল নতুন স্টার্টআপের বিকাশের সূচনা করতে নিউ ইয়র্ক প্রতিশ্রুতিবদ্ধ, এবং 43নর্থ প্রতিযোগিতাটি বর্তমানের সমস্যাসমূহের বিপ্লবী সমাধানের সন্ধানে কাজ করছে," **গভর্নর হোকল বলেন।** "পাঁচজন উৎসুক বিজয়ীকে আমি অভিনন্দন জানাচ্ছি, তারা ওয়েস্টার্ন নিউ ইয়র্কে তাদের বিবর্তন সৃষ্টিকারী ব্যবসা নিয়ে আসবে, কর্মীদের নিয়োগ দিবে, মূলধন সংগ্রহ করবে এবং সম্পত্তি ও সরঞ্জামে বিনিয়োগ করবে। 43নর্থে নিউ ইয়র্কের অব্যাহত বিনিয়োগের কল্যাণে, আমরা পাঁচটি নতুন ব্যবসা যোগ করতে চলেছি যারা দ্রুততম বিকাশমান স্টার্টআপ শহরগুলির একটি হিসেবে বাফেলোর দারুণ সুনামকে আরো বৃদ্ধি করতে সাহায্য করবে।"

<u>2023 সালের 43North প্রতিযোগিতার বিজয়ীরা হচ্ছে:</u>

গাইডসলি – টপসফিল্ড, ম্যাসাচুসেটস

- গাইডসলি একটি ভার্টিক্যাল SaaS প্ল্যাটফর্ম যারা একটি ভোক্তা বাজার দিয়ে 40 বিলিয়ন মার্কিন ডলারের আউটডোর বিনোদনমূলক গাইড বাজারের কাজ করে।

KAV – রেডউড সিটি, ক্যালিফোর্নিয়া

- KAV পুরস্কার বিজয়ী কাস্টম হেলমেট তৈরি করে যা জীবন রক্ষা এবং মস্তিষ্কের আঘাত হ্রাস করার জন্য নকশা করা হয়।

ক্রেডিট একাডেমি – মিয়ামি, ফ্লোরিডা

- ক্রেডিট একাডেমি একটি সার্বিক আর্থিক সাক্ষরতা প্ল্যাটফর্ম যা ভোক্তাদের, বিশেষ করে কিশোর এবং তরুণ প্রাপ্তবয়স্কদের ক্ষমতায়নের উদ্দেশ্যে সাউন্ড ক্রেডিট গঠন করার জন্য জ্ঞান ও ব্যবস্থার সাথে হোয়াইট লেবেল, ক্রেডিটভিত্তিক সমাধান প্রদান করে, এবং একই সাথে আর্থিক প্রতিষ্ঠানগুলিকে জড়িতকরণ এবং প্রবৃদ্ধির একটি কার্যকর পন্থা প্রদান করে।

স্টেপওয়াইজ – ক্যামব্রিজ, ম্যাসাচুসেটস

- স্টেপওয়াইজ বাড়ির বৈদ্যুতিকরণ, বিশেষ করে বৈদ্যুতিক যান (Electric Vehichle, EV) চার্জার এবং হিট পাম্প ইনস্টলেশন তৈরি করে, যা বাড়ির মালিকের জন্য ব্যয় দক্ষ হয় এবং একই সাথে ইলেকট্রিক গ্রিডকে ভবিষ্যতের জন্য প্রস্তুত করে।

স্টোরক্যাশ – স্যান হোসে, ক্যালিফোর্নিয়া

- স্টোরক্যাশ একটি মোবাইল পেমেন্ট সমাধান যা এখন 200,000 এর বেশি স্থানে ব্যবহারকারীদের কম খরচে এবং সহজে QR কোডের মাধ্যমে মূল্য পরিশোধ করতে দেয়, যেখানে তারা তাদের প্রিয় দোকানে সর্বোচ্চ ক্যাশব্যাক পেতে পারবে।

নিম্নের ফাইনালস বিচারকগণ 43নর্থ বিজয়ীদের নির্বাচিত করেন:

- সুটিয়ান ডং, মাল্টিটিউডসের পার্টনার এবং গ্লোবাল উইমেন ইন VC (Global Women in VC) এর সহপ্রতিষ্ঠাতা
- ডেভিড হল, রিভোলিউশন (Revolution) এবং এর রাইজ অফ দ্য রেস্ট সিড ফান্ডের (Rise of the Rest Seed Fund) ম্যানেজিং পার্টনার
- স্যান্ড্রা মুর, অ্যাডভান্টেজ ক্যাপিটালের (Advantage Capital) ম্যানেজিং পার্টনার এবং প্রধান প্রভাব কর্মকর্তা
- ইয়ান্সি স্প্রুইল, বাফেলোর স্থানীয় অধিবাসী এবং ডিজিটালওশেনের (DigitalOcean) প্রধান নির্বাহী কর্মকর্তা

- জেনি ফিল্ডিং, এভরিহোয়ের ভেঞ্চার্সের (Everywhere Ventures) সহপ্রতিষ্ঠাতা এবং ম্যানেজিং পার্টনার

1 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের পাশাপাশি, প্রত্যেক কোম্পানি অমূল্য মেন্টরিং সেবা, অভিজ্ঞতার অ্যাক্সেস, অফিস স্পেস, এবং বিনিয়োগকারীদের একটি বিস্তৃত নেটওয়ার্কের সাথে যোগাযোগের সুযোগ পাবে। বিগত নয় বছর ধরে, 64টি কোম্পানির একটি বৈচিত্র্যময় পোর্টফোলিওতে 43নর্থ বিনিয়োগ করেছে, যার প্রায় 60 শতাংশের বাফেলোতে অব্যাহত উপস্থিতি রয়েছে, যার মধ্যে 46 শতাংশ প্রতিষ্ঠাতা অশ্বেতাঙ্গ এবং 26 শতাংশে নারী প্রতিষ্ঠাতা রয়েছে। এর আগে এই বছরে, 43North প্রতিবেদন করেছে যে তাদের পোর্টফোলিও কোম্পানিগুলি সামগ্রিকভাবে ওয়েস্টার্ন নিউ ইয়র্কে 1,100 এর বেশি কর্মসংস্থান সৃষ্টি করেছে।

এই বছর, পাঁচটি শীর্ষ 1 মিলিয়ন মার্কিন ডলার পুরস্কারের পাশাপাশি, হাইমার্ক ব্লু ক্রস ব্লু শিল্ড (Highmark Blue Cross Blue Shield) অর্থায়িত 25,000 মার্কিন ডলারের পিপলস চয়েস অ্যাওয়ার্ড জিতে নেয় ক্রেডিট একাডেমি, যাদেরকে আজকে রাতের উপস্থিত দর্শকমণ্ডলী ভোটের মাধ্যমে নির্বাচিত করেছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "43নর্থ এর চালিকাশক্তি হতে পেরে ESD অত্যন্ত গর্বিত; যা বাফেলোতে উচ্চমানের স্টার্টআপ কোম্পানি এবং এক হাজারের বেশি নতুন চাকরি নিয়ে এসেছে। স্পটলাইট এখন থাকছে এই বছরের বিজয়ীদের উপর এবং ব্যাপক ব্যাপ্তির শিল্পখাতে তাদের উদ্ভাবনী ধারণা দ্বারা সৃষ্ট ইতিবাচক ফলাফল দেখতে এবং সেই সাথে অঞ্চলটির বিকাশমান উদ্যোক্তা ইকোসিস্টেমের সংযোজন দেখতে আমরা উন্মুখ।"

43নর্থের সভাপতি মাইক ওয়াইজলার বলেন, "আমাদের 9ম প্রতিযোগিতায়, 43নর্থ যেই মানের কোম্পানি ও প্রতিষ্ঠাতাদের আকৃষ্ট করতে পেরেছে তা আজকে রাতে পুরোপুরি প্রদর্শিত হয়েছে। আমাদের পাঁচজন নতুন বিজয়ীকে অভিনন্দন এবং আপনাদের কোম্পানিকে পরবর্তী পর্যায়ে নিয়ে যাওয়ার জন্য বাফেলোতে স্বাগতম!"

43নর্থের প্রেসিডেন্ট কলিং হাইডিঙ্গার বলেন, "প্রতিশ্রুতিশীল এই পাঁচটি ব্যবসাকে আমাদের পোর্টফোলিওতে যোগ করতে পেরে আমরা আনন্দিত আমাদের অঞ্চলে পাঁচ নতুন বাসিন্দা হিসেবে আমরা প্রতিষ্ঠাতাদের স্বাগত জানাচ্ছি। আমরা আমাদের দশম বছরে পা রাখতে যাচ্ছি, এই সময় তাদের উপস্থিতি বাফেলোর বিকাশমান উদ্যোক্তা ইকোসিস্টেমের গতিবেগে অবদান রাখতে, এবং আমাদের অঞ্চলের সহনশীল, সমৃদ্ধ ভবিষ্যতের আকৃতিদানে সহায়তা করবে।"

43নর্থ এর সাফল্য এবং এর বিজয়ী ব্যবসাগুলি দ্রুততম বিকাশমান স্টার্টআপ শহরগুলির মানচিত্রে বাফেলোকে স্থাপন করতে একটি মুখ্য ভূমিকা পালন করেছে। ব্যবসা অ্যাক্সিলারেটরটি নিউ ইয়র্ক স্টেট কর্তৃক অর্থায়িত হয়েছে এবং এটি কমপক্ষে আরো তিন বছর অত্যন্ত কঠিন এই প্রতিযোগিতা পরিচালনা করা অব্যাহত রাখতে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের সমর্থন পাবে।

43North সম্পর্কে

43North একটি এক্সেলারেশন প্রোগ্রাম যা বার্ষিক স্টার্টআপ প্রতিযোগিতা আয়োজন করে, নিউ ইয়র্কের বাফেলোতে উচ্চ-বিস্তারের কোম্পানি আকর্ষণ ও প্রসারের জন্য প্রতি বছর 5 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করে। 43North তালিকাভূক্ত কোম্পানিগুলো এছাড়াও বাফেলোতে এক বছরের জন্য বিনামূল্যে অনুকূল পরিবেশে বিকাশ লাভ করার জায়গা, সংশ্লিষ্ট ক্ষেত্রে পরামর্শদাতাদের দিকনির্দেশনা, এবং START-UP NY এর মত ব্যবসায়িক অনুপ্রেরণামূলক প্রোগ্রামে প্রবেশাধিকার পায়। 43North পরিচালিত হয় গভর্নর ক্যাথি হোকল, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট, রালফ সি. উইলসন জুনিয়র ফাউন্ডেশন এবং আরো বেশ কিছু পৃষ্ঠপোষকের সমর্থনে। 43North সম্পর্কে আরো তথ্যের জন্য ভিজিট করুন www.43north.org।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন